

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮

১/ পবিত্রতা ( گان الله عن رسول الله )
পরিচ্ছেদঃ একই কোষে কুলি করা ও নাকে পানি দেওয়া।

باب الْمَضْمُضَةِ وَالإِسْتِنْشَاقِ مِنْ كَفٍّ وَاحِدٍ

## আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّتَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى الرَّازِيُّ، حَدَّتَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدِ، قَالَ رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم عَمْرِو بْنِ يَحْيَى، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ، قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ حَسَنٌ غَرِيبٌ . وَقَدْ رَوَى مَالِكٌ اللَّهِ بْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ حَسَنٌ غَرِيبٌ . وَقَدْ رَوَى مَالِكٌ وَابْنُ عُيَيْنَةَ وَغَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى وَلَمْ يَذْكُرُوا هَذَا الْحَرْفَ أَنَّ وَالْبِنُ عُنِينَةَ وَغَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى وَلَمْ يَذْكُرُوا هَذَا الْحَرْفَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم مَضْمَضَ وَاسْتَنْشَقَ مِنْ كَفَّ وَاحِد . وَإِنَّمَا ذَكَرَهُ خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ ثِقَةٌ حَافِظٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ عَبْدِ اللَّهِ . وَخَالِدُ بْنُ عَبْدِ اللَّه ثِقَةٌ حَافِظٌ عِنْدَ أَهْلِ الْحَدِيث . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْمَضْمَتَةُ وَالْإِسْتِنْشَاقُ مِنْ كَفَّ وَاحِدٍ فَهُو جَائِزٌ وَإِنْ فَرَّقَهُمَا فَهُو أَحَبُّ إِلَيْنَا . وَقَالَ الشَّافِعِيُّ إِنْ جَمَعَهُمَا فِي كَفِّ وَاحِدٍ فَهُو جَائِزٌ وَإِنْ فَرَّقَهُمَا فَهُو أَحَبُّ إِلَيْنَا .

## বাংলা

২৮. ইয়াষ্মা ইবনু মূসা (রহঃ) ..... আবদুল্লাহ ইবনু যায়াদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, একই কোষে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কুলি করতে ও নাকে পানি দিতে দেখেছি। তিনি এরূপ তিনাবর করেছেন। - সহিহ আবু দাউদ ১১০, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন, 'আবূ আবদুল্লাহ ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি হাসান গরীব। 'আমর ইবনু ইয়াহইয়ার সূত্রে মালিক ও ইবনু 'উয়ায়না এবং আরো একাধিক রাবী এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। কিন্তু 'রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই কোষে কুলি করেছেন ও নাকে পানি দিয়েছেন'' বাক্যটি তারা উল্লেখ করেনিন। কেবলমাত্র খালিদ ইবনু আবদিল্লাহ্ এটির উল্লেখ করেছেন। মুহাদ্দিছগণের নিকট খালিদ নির্ভরযোগ্য ও হাফিজুল হাদিস হিসাবে স্বীকৃত। 'আলিমগণের কেউ কেউ বলেনঃ একই কোষে কুলি করলে ও নাকে পানি দিলে



তা যথেষ্ট বলে গণ্য হবে। অপর এক দল বলেনঃ আমাদের নিকট পৃথক পৃথক কোষে কুলি করা এবং নাকে পানি দেওয় অধিক পছন্দনীয়। ইমাম শাফিঈ বলেনঃ একই কোষে তা করা জায়েয হবে বটে; কিন্তু স্বতন্ত্রভাবে করাই আমার নিকট উত্তম।

## **English**

Abdullah bin Zaid said:

"I saw the Prophet rinse his mouth and sniff water in his nose using one hand, he did that thrice,"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন